



পূবালী ব্যাংক লিমিটেড  
সংস্থাপন বিভাগ (১৩ তলা)  
২৬, দিলকুশা বাণিজ্যিক এলাকা  
প্রধান কার্যালয়, ঢাকা।


“ছাতার পুনঃদরপত্র সিডিউল”


অত্র ব্যাংকের সকল সাব-ষ্টাফদের ২০১৭ সালের ১৭৩০ টি কালো ছাতা নিম্নে বর্ণিত শর্ত অনুযায়ী সরবরাহ করিবার জন্য প্রকৃত প্রস্তুতকারী/প্রতিষ্ঠিত ব্যবসায়ীদের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বিবরণ	পরিমাণ (আনুমানিক)
১. ছাতার মাপঃ ২৬ ইঞ্চিঃ	১৭৩০টি
২. কাপড়ের বিবরণঃ ১নং নাইলন/প্যারাসুট কাপড়	
৩. শিকের সংখ্যাঃ ৮টি	
৪. হাতলঃ প্লাস্টিক	
৫. ছাতার কাপড়ে ব্যাংকের নাম ও লোগো সম্বলিত ছাপ	

দরপত্রের শর্ত ও নিয়মাবলীঃ-

- আগ্রহী দরপত্র দাতাগণ নিম্ন স্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার বাস্তবে সীলমোহরকৃত দরপত্র আগামী ৩০/০৫/২০১৮ তারিখে বেলা ১১.০০ ঘটিকার মধ্যে দাখিল করিবেন এবং ঐ দিন বেলা ১১-৩০ মিঃ দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- আইটেমের নমুনা দরপত্রের সাথে অবশ্যই দাখিল করিতে হইবে।
- পূবালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ২.৫% হারে যে কোন ব্যাংক হইতে ক্রয় কৃত পে-অর্ডার উক্ত দরপত্রের সহিত জমা দিতে হইবে যাহা ০৬ (ছয়) মাস পর হস্তান্তরযোগ্য। নমুনা ও জামানত বিহীন কোন দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- সরবরাহের আদেশ গ্রহণের তারিখ হইতে ১৫(পনের) দিনের মধ্যে ব্যাংক কর্তৃক নির্বাচিত মানসম্পন্ন সমুদয় দ্রব্যাদি একত্রে সরবরাহ করিতে হইবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করা হইবে।
- প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয় সমূহে সম্পূর্ণ দ্রব্যাদি বিলি করার পর যদি অতিরিক্ত দ্রব্যাদি প্রয়োজন হয় তবে তাহা পূর্ব অনুমোদিত দরে সরবরাহ করিতে হইবে এবং তদ্রূপ যদি কোন দ্রব্যাদি উদ্ধৃত থাকে তবে তাহাও অনুমোদিত দরে ফেরৎ নিতে হইবে।
- গত ২০.০৫.২০১৮ ইং তারিখে ব্যাংকের Website [www.pubalibangla.com/tender.asp](http://www.pubalibangla.com/tender.asp) এবং নোটিশ বোর্ড এ প্রকাশিত এতদসংক্রান্ত বিজ্ঞপ্তি অত্র দরপত্র সিডিউলের অংশ হিসাবে বিবেচিত হইবে।
- সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট ইত্যাদি সংশ্লিষ্ট বিল থেকে কর্তন করা হইবে।
- অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে দরপত্র খোলা সম্ভব না হইলে পরবর্তী কার্যদিবসে দরপত্র খোলা/গ্রহণ করা হইবে।
- দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের/ফার্মের চলতি অর্থ বছরের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং টিন সার্টিফিকেট (ফটোকপি) অবশ্যই দাখিল করিতে হইবে।
- প্রধান কার্যালয়ের Procurement Technical Committee কর্তৃক দ্রব্যের মান যাচাই পূর্বক সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট বিল পরিশোধ করা হইবে।
- দ্রব্যাদি সরবরাহ করার পর অনুমোদিত নমুনার সহিত মিলাইয়া সম্পূর্ণ দ্রব্যাদি গ্রহণ করা হইবে। কিন্তু পরবর্তীকালে যদি কোন দ্রব্যাদি নির্ধারিত পরিমানের চেয়ে কম থাকে বা নমুনা মোতাবেক না হয় তবে সমপরিমান নমুনা মোতাবেক দ্রব্যাদি দরদাতা সরবরাহ করিতে বাধ্য থাকিবে।
- দরপত্র এতদসংগে সংযুক্ত ছক মোতাবেক দাখিল করিতে হইবে। অন্য কোন কাগজে দরপত্র গ্রহণ করা হইবে না।
- প্রধান কার্যালয়, কর্পোরেট শাখা এবং আঞ্চলিক কার্যালয় সমূহে সম্পূর্ণ আইটেম বিলি করার পর কৃতকার্য দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে। অকৃতকার্য দরপত্র দাতাদের জামানতের টাকা তাদের লিখিত আবেদনের প্রেক্ষিতে যথা সময়ে ফেরৎ দেওয়া হইবে।
- দরপত্রের সিডিউল আগামী ২৯.০৫.২০১৮ তারিখ বেলা ৪:০০ ঘটিকা পর্যন্ত সংস্থাপন বিভাগ (১৩ তলা) হইতে সরবরাহ করা হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(ইফতিখার হায়দার)  
উপ-মহাব্যবস্থাপক

  
(সৈয়দ আব্দুল মজিদ)  
মহাব্যবস্থাপক